দৈনিক সংবাদ

তারিখ ... 26 MAR 1987 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ৫ ...

020

# এসএসসি প্রশ্নপত্রে আরো বিভ্রান্তি

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত পরশু বৃহস্পতিবার অনুষ্ঠিত এসএসসি'র ভূগোল বিষয়ের প্রশ্নপত্রে একটি প্রশ্ন নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। গত মঙ্গলবার বীজগণিতের প্রশ্নপত্র নিয়েও একই সমস্যা।

ভূগোল বিষয়ের তিন নম্বর প্রশ্নটি ছিল এরকম: 'ক' স্থানের প্রমাণ সময় সকাল ৬টা এবং 'খ' স্থানের প্রমাণ সময় সকাল ১০টা। উভয় স্থানই পূর্ব গোলার্ধে অবস্থিত হইলে উহাদের দ্রাঘিমাংশ কত?

বিশেষজ্ঞদের মতে এভাবে দ্রাঘিমাংশ নির্ণয় করা সম্ভব নয়। 'ক' বা 'খ' যে কোন স্থানের দ্রাঘিমাংশ উল্লেখ করা থাকলে অপর স্থানের দ্রাঘিমাংশ নির্ণয় করা সম্ভব হত। গ্রীনিচ সময় উল্লেখ করা থাকলে 'ক' ও 'খ' উভয় স্থানের দ্রাঘিমাংশ নির্ণয় করা যেত। বিশেষজ্ঞদের প্রশ্ন

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## প্রশ্নপত্রে বিভ্রান্তি

(১ম পাতার পর)

উভয় স্থানের দ্রাঘিমাংশের পার্থক্য কত?

### বীজগণিত

গণিত (আবশ্যিক) প্রশ্নের ৯ (ঙ) নং প্রশ্নে বলা হয় 'যদি a, b, c বাস্তব সংখ্যা এবং $a+b+c>0$ হয় তবে দেখাও যে $a^3+b^3+c^3>3abc$।' একজন অংকবিদ জানিয়েছেন, পরীক্ষার্থী কেন, কোন শিক্ষক বা কারো পক্ষে প্রশ্নটির সমাধান করা সম্ভব নয়। তার মতে, প্রশ্নে যে দুইটি শর্ত দেয়া আছে তার বাইরেও প্রশ্নের সমাধানের জন্য '$a\neq b\neq c$'-এই শর্তটি উল্লেখ করা প্রয়োজন ছিল। কারণ এই শর্ত ছাড়া প্রশ্নটির সমাধান অসম্ভব। এই ভুল প্রশ্নটি বীজগণিত বইয়ের অনুশীলনী ১০ এর ২৬ নং অংক এবং এটি ১৯৮৬ সালের পরীক্ষাতেও এসেছিল বলে তিনি জানান।